আলমডাঙ্গায় দুর্যোগ প্রশমন দিবস পালিত

“মুজিব বর্ষের প্রতিশ্রুতি, জোরদার করি দুর্যোগ প্রস্তুতি” এ প্রতিপাদ্যে আলমডাঙ্গায় উদযাপন হলো আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস -২০২১। এ দিবস উপলক্ষে উপজেলার প্রশাসনের উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলার ভাইসচেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইসচেয়ারম্যান কাজী মারজাহান নিতু, আলমডাঙ্গা সহকারি কমিশনার ভূমি হুমায়ন কবির। উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক ইমন। অনুষ্ঠান শেষে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের উদ্যোগে আগুন নেভানো ও নিয়ন্ত্রণ শেখানো হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদযাপন

র্যালী, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুরের আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ও সিপিপির ৫০ তম বছর পূর্তি উদযাপন করা হয়েছে।
বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে দিবসটি পালন করা হয়। দিবসটি উপলক্ষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী থেকে একটি র্যালী বের করা হয়। স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলামের নেতৃত্বে র্যালীটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসন চত্বরে গিয়ে শেষ হয়। র্যালী পরবর্তীতে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অনুষ্ঠিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আনসার কমান্ডেন্ট রকিবুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সহকারি পরিচালক নজমুজ্জামান, ব্রাকের জেলা প্রতিনিধি ফজলুর রহমান, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন প্রমূখ পরে সেখানে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গার বারোয়ারী পূজামন্ডপে মহাষ্টমী উপলক্ষে আলোচনা সভা

চুয়াডাঙ্গা সদর উপজেলার মাখালডাঙ্গা ইউনিয়নের কুকিয়াচাঁদপুর বারোয়ারী পূজামন্দিরে মহাষ্টমী উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সন্ধ্যা ৭টার দিকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মন্দির কমিটির সভাপতি শ্রী গৌতমের সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আ.লীগের ক্রিড়া বিষয়ক সম্পাদক আরশাদ উদ্দিন চন্দন। এছাড়াও উপস্থিত ছিলেন মাখালডাঙ্গা ইউনিয়ন আ.লীগের সভাপতি শ্রী বিশ্বজিৎ, সাধারণ সম্পাদক ডাক্তার রফিক রহমান, বেগমপুর ইউনিয়ন আ.লীগের সাবেক সাধারণ সম্পাদক হামিদুল্লাহ, আ.লীগ নেতা বাবুল আক্তার, মতিয়ার রহমান, মনির, কাদের, রানা, বাদল, মাসুম ঝন্টু মিয়া, হাফিজ সরকার যুবলীগ নেতা জাহাঙ্গীর আলম প্রমুখ ।

বাগোয়ান ইউনিয়নের নৌকার মনোনিত প্রার্থী কুতুবউদ্দীনকে গনসংবর্ধনা

আমি সারা জীবন স্বপ্ন দেখে এসেছি, বাংলাদেশের প্রথম রাজধানী খ্যাত মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত প্রথম সরকারের শপথ ভূমি, জাতির জনক বঙ্গবন্ধুর নামাঙ্কিত এই মুজিবনগর আওয়ামী লীগ হবে রাজাকারমুক্ত আওয়ামী লীগ।

আজ আমার সেই স্বপ্ন সফল হয়েছ। বুধবার বেলা চারটার সময় বাংলাদেশ আওয়ামী লীগ কর্তৃক বাগোয়ান ইউনিয়ন এর নৌকা প্রতীকের মনোনয়নপ্রাপ্ত কুতুব উদ্দিন মল্লিক এর গণসংবর্ধনা অনুষ্ঠানে এসব কথা বলেন মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস।

তিনি আরো বলেন বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি মানবতার মা জননী প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাগোয়ান ইউনিয়ন এর নৌকা প্রতীকের চেয়ারম্যান পদপ্রার্থী হিসেবে কুতুব উদ্দিন মল্লিক কে মনোনয়ন দিয়েছেন। আসুন আমরা সকল ভেদাভেদ ভুলে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে মুজিবনগর উপজেলার সকল নৌকা প্রতীকের প্রার্থীকে বিজয়ী করে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগকে সংগঠিত করি।

বুধবার বেলা সাড়ে চারটার দিকে বাংলাদেশ আওয়ামী লীগের নৌকা প্রতীকের মনোনয়ন প্রাপ্ত কুতুব উদ্দিন মল্লিক ও ঢাকা থেকে মনোনয়ন নিয়ে নিজ এলাকায় আসলে মুজিবনগর উপজেলার সীমান্ত মোনাখালী খেলার মাঠ হতে ইউনিয়নের হাজার হাজার জনতা বিশাল রেলি সহকারে তাকে বরণ করে নিয়ে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে স্মৃতিসৌধের মুক্তিযুদ্ধ সহ সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে সেখানে একটি গণসংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এসময় বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগ ও ওয়ার্ড আওয়ামী লীগের নেতাকর্মী এবং বিপুল সংখ্যক জনতা উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে ভিক্ষুকদের মাঝে ছাগল বিতরণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পুনর্বাসনের লক্ষে ভিক্ষুকদের মাঝে ছাগল বিতরণ করা হয়েছে। সমাজ কল্যান মন্ত্রণালয়ের ‘ ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির’ আওতায় উপজেলার আটজন ভিক্ষুকের মাঝে এই ছাগল দেওয়া হয়।
মঙ্গলবার বিকেলে উপজেলা পরিষদ চত্তরে আয়োজিত এক অনুষ্ঠানে ভিক্ষুকদের হাতে ছাগল তুলে দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন ও ইউএনও সৈয়দা নাফিস সুলতানা। ছাগল ছাড়াও তাদেরকে খাদ্যসামগ্রী ও নগদ অর্থ দেওয়া হয়।
এ সময় উপজেলা সমাজসেবা কর্মকর্তা শিউলি রাণী উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে কৃষকের স্বপ্ন পুড়িয়ে দিলো দূর্বৃত্তরা

পল্লীর কৃষক মোঃ নূর ইসলাম।নিজের ঘরের চালের ভাত খাবেন,এমনটাই স্বপ্ন নিয়ে ২৪ শতক জমিতে রোপন করেছিলেন নিপিয়া ঘাসের চারা।বিধাতার লিখন না যায় খণ্ডানো। রাতের আঁধারে কে যেন ক্ষতিকারক কীটনাশক ছিটিয়ে ঘাসগুলো পুড়িয়ে ফেলেছে।বুধবার (১৩ অক্টোবর) সকালে হরিণাকুণ্ডু উপজেলার পৌর সভার ২ নং ওয়ার্ডের পার্বতীপুর গ্রামের দক্ষিণ পাড়াতে গিয়ে এমনই দেখা গেছে। এহেন পরিস্থিতিতে চরম হতাশা এবং দুশ্চিন্তায় পড়েছেন প্রান্তিক কৃষক মোঃ নূর ইসলাম।

জানাগেছে, অসহায় ক্ষতিগ্রস্থ এই পল্লীর প্রান্তিক কৃষক নূর ইসলাম ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার পার্বতীপুর গ্রামের মুনসাদ আলী মণ্ডলের ছেলে। হতভাগা চব্বিশ শতক জমিতে এই নিপিয়া ঘাস রোপন

করেছিলেন। বুকভরা আশা নিয়ে ছাগল,গরু,হাস মুরগী বিক্রি করে যা আসে তা দিয়ে এই ঘাস আবাদ করেন। এই ঘাস বিক্রি করে তার নিজ পরিবারের খাবারের চাহিদা মেটানো হয়। এখানেই শেষ নয় এই পল্লীর কৃষক নূর ইসলামের সোনালী স্বপ্নের আসায় বৃহত্তর পরিষরে চাষ করার জন্য এনজিও থেকেও ঋণ নিয়েও ঘাস চাষ করেন।

চারা রোপণ করার দেড় মাস পরেই রোপণ করা ক্ষেতটি সম্প্রতি গাঢ় সবুজে রুপান্তর হয়েছিল। এবছর ব্যপক লাভের আশা দেখছিলেন কৃষক নূর ইসলাম। রাতের আঁধারে কে বা কারা এই ক্ষেতে ক্ষতিকারক কীটনাশক ছিটিয়ে পুড়িয়ে দেয়। যাতে করে ৫০ থেকে ৫৫ হাজার টাকার ফসল ক্ষতিগ্রস্থ হয় তার।

হরিণাকুণ্ডু পৌরসভার ২ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সরোয়ার হোসেন “দৈনিক ডেল্টা টাইমস্”-কে জানান, নূর ইসলাম ভাই খুব ভালো মানুষ। গভির রাতে দূর্বৃত্তরা তার জমির সমস্ত ঘাস ক্ষতিকারক কীটনাশক দিয়ে পুড়িয়ে দিয়েছে। আমি এহেন ঘটনার সুষ্ঠ্যু বিচার চাই এবং জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দ্বাবী করছি।

ক্ষতিগ্রস্থ কৃষক বলেন,আমি গরিব মানুষ আমার কারোর সাথে দ্বন্দ নেই। এই নিপিয়া ঘাস চাষে বর্তমানে আমার প্রায় ১৪ হাজার টাকা খরচ হয়েছে। এই টাকা হাস,মুরগী বিক্রি করা ও এনজিও থেকে ঋণ নেয়া। রোপণকৃত ২৪ শতক জমি থেকে প্রায় ৫০-৫৫ হাজার টাকা আয় হতো। তিনি আরও বলেন, আমি এখন পথে বসে গেছি। নিজে খাবো কি আর ছেলে মেয়েকে খাওয়াবো কি? এভাবেই কান্নায় ভেংগে পড়ে কৃষক নূর ইসলাম। তাছাড়া কারা এই ঘাস ক্ষেত পুড়িয়ে ফেলেছে,তা ধারণা করতে পারছি না। এ ব্যাপারে আমি ইতিমধ্যে আইনের আশ্রয় নিয়েছি।
ঘটনাটি আমি শুনেছি যা দুঃখজনক। বিষয়টি হরিণাকুণ্ডু থানা অফিসার অবগত আছেন বলেও জানান হরিণাকুণ্ডু পৌর মেয়র মোঃ ফারুক হোসেন। এদিকে হরিণাকুণ্ডু থানা অফিসার ইনচার্জ ওসি আব্দুর রহিম মোল্লা অভিযোগের ঘটনা স্বীকার করে তিনি বলেন এ ঘটনায় থানায় একটি অভিযোগ এসেছে, তদন্ত সাপেক্ষ বিষয়টা ক্ষতিয়ে দেখা হবে।

গাংনীতে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন (ভিডিও সহ)

মেহেরপুরের গাংনীতে প্রতিনিয়িত চলছে নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন। চেয়ারম্যান ও মেম্বর প্রার্থীরা শতাধিক মোটর সাইকেল যোগে উপজেলা চত্ত্বরে এসে মনোনয়ন ফরম জমা দিচ্ছেন। সেই সাথে করছেন নির্বাচনী সভা। খোদ উপজেলা চত্ত্বরে নির্বাচনী বক্তব্য রাখছেন প্রার্থীরা। তার পরও নির্বাচন অফিসার ও উপজেলা প্রশাসন কোন ব্যবস্থা না নেয়ায় চলছে নানা আলোচনা সমালোচনা। তবে প্রশাসন বলছে বিষয়টি দেখে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

প্রাপ্ত তথ্যমতে, গাংনী উপজেলার ৫টি ইউপির নির্বাচনী তপশীল ঘোষণা করা হয়। এগুলো হচ্ছে- কাথুলী, বামন্দী, মটমুড়া, সাহারবাটি ও তেতুঁলবাড়িয়া ইউনিয়ন পরিষদ। বিএনপি নির্বাচনে অংশ না নিলেও মৌণ সমর্থন দিচ্ছেন ও ঘোমটার আড়ালে নির্বাচনে এসে স্বতন্ত্র প্রার্থী হচ্ছেন। একেকটি ইউপিতে সরকার দলীয় ও স্বতন্ত্র প্রার্থীসহ অন্তত অর্ধশত লোক নির্বাচনী যুদ্ধে অংশ নেয়ার জন্য প্রার্থীতা ঘোষণা করে প্রচার প্রচারণা চালাচ্ছেন।

পাঁচটি ইউনিয়নের সহস্রাধিক লোক মোটর সাইকেল যোগে উপজেলা চত্ত্বরে এসে নিজেকে অত্যন্ত জনপ্রীয় প্রার্থী হিসেবে জানান দিচ্ছেন। একেক প্রার্থীর পক্ষে শতাধিক লোক এসে মোহড়া দিচ্ছেন। যে কোন সময় প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সাথে সংঘর্ষ ঘটতে পারে বলেও আশঙ্কা করছেন অনেকেই।
বামন্দী ইউপির নৌকা বঞ্চিত আজিজুল হক স্বতন্ত্র পার্থী হিসেবে বুধবার দুপুরে শতাধিক মোটরসাইকেল যোগে গাংনী উপজেলা পরিষদ চত্ত্বরে আসেন ও নেতাকর্মীদের উদ্দেশ্য ভাষণ দেন। এ ব্যাপারে আজিজুল হক বলেন, বিষয়টি তার জানা থাকলেও কর্মীদেরকে তিনি বাঁধা দিয়ে দমাতে পারেন নি। শুধু শহর নয়, গ্রামাঞ্চলেও বিভিন্ন প্রার্থীরা ক্লাব বা ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান দিচ্ছেন। শোভাযাত্রা যোগে ঘুরছেন নিজ এলায়। যানাজা থেকে সুন্নতে খাৎনা সব অনুষ্ঠানেই যেন উপযাজক হয়ে উপস্থিত হচ্ছেন।

গাংনী উপজেলা নির্বচন অফিসার আব্দুল আজিজ বলেন, নির্বাচনী বিধিতে বলা হয়েছে কোনো ধরনের মোটরসাইকেল শোডাউন,মিটিং মিছিল করা িেনিষধ এবং আইন বহির্ভুত। মনোনয়ন প্রত্র সংগ্রহ,জমা দানের সময় ৫

জনের অধিক লোক থাকতে পারবেনা। মিটিং মিছিল বা মোটরসাইকেল শো ডাউন দুরের কথা। যদি কোনো প্রার্থী এমন করে থাকেন তাহলে তিনি অবশ্যই নির্বাচনী অচরণ বিধি লংঘন করেছে। আমাদের চরম ব্যাস্ততার কারনে বাহিরের বিষয়গুলি খেয়াল রাখতে পারছিনা। তবে বিষয়টি দেখে ব্যাবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘনের বিষয়ে তিনি অবগত আছেন এবং দ্রুত আইনানুগ ব্যবস্থা নেয়ার আশ^◌াস দেন তিনি।

গাংনীতে আন্তর্জাতিক দুর্যোগ ব্যবস্থাপনা ও প্রশমন দিবস পালন

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালনে গাংনী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের উদ্যোগে বুধবার সকালে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।
ইউএনও সভা কক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। উপজেলা নির্বাহী অফিসার ও দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভাপতি মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। পিআইও নিরঞ্জন চক্রবর্তীর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন, উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ ও ফায়ার সার্ভিসের কর্মকর্তবৃন্দ।
অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে গাংনী গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ ফুটবল মাঠে অগ্নিনির্বাপক মহড়ার আয়োজন করে ফায়ার সার্ভিস।

গাংনীতে ইঁদুর নিধন মাস শুরু

মেহেরপুরের গাংনীতে মাসব্যাপী ইঁদুর নিধন কার্যক্রম শুরু হয়েছে। জাতীয় ইঁদুর নিধন অভিযান ২০২১ কার্যক্রমের অংশ হিসেবে গাংনী উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ কার্যক্রম শুরু করেছে। বুধবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে প্রধান অতিথি হিসেবে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ইঁদুরের ক্ষতির পরিসংখ্যান তুলে ধরেন গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন। তিনি বলেন, জীব বৈচিত্র ও পরিবেশ রক্ষায় ইঁদুরের প্রয়োজনীয়তা থাকলেও অনেক সময় ইঁদুর হয়ে উঠে ক্ষতির প্রধান কারণ। বিশেষ করে ফসলের ক্ষেত ও বসতবাড়িতে খাদ্য খাবার খেয়ে কৃষকের ব্যাপক ক্ষতি সাধন করে থাকে ইঁদুরেরা। বাংলাদেশে প্রতি বছর দুই হাজার কোটি টাকার খাদ্য শস্য ইদুরের পেটে চলে যায়। ইঁদুরের কারণে বিশে^র যে ১১টি দেশে সবচেয়ে বেশি ফসল ক্ষতিগ্রস্থ হয় তার মধ্যে বাংলাদেশও রয়েছে। এশিয়া মহাদেশে প্রতি বছর ইঁদুর যে পরিামণ ধান-চাল খেয়ে নষ্ট করে তা ১৮ কোটি মানুষের এক বছরের খাদ্যের সমান। এর মধ্যে শুধু বাংলাদেশেই ৫০-৫৪ লাখ লোকের এক বছরের খাবার নষ্ট করে ইঁদুর। ক্ষতিকর এই ইঁদুর দ্রুত বংশ বিস্তার করতে পারে। একজোড়া প্রাপ্ত বয়স্ক ইঁদুর বছরে ২ হাজার থেকে ৩ হাজার বাচ্চা দেয়। স্ত্রী ইঁদুর বাচ্চা প্রসবের তিনি দিনের মধ্যেই আবারও গর্ভধারণ করে থাকে। তাছাড়া ইঁদুর ৬০ ধরনের রোগ ছড়িয়ে থাকে। তাই আসছে আমন মৌসূম সামনে রেখে এখনই ইঁদুর নিধনের প্রস্তুতি নেওয়ার আহবান জানান তিঁনি।
উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক। বক্তব্য রাখেন উপজেলা প্রকৌশলী গোলাপ আলী শেখ, আব্দুর রউফ ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী।
আলোচনা সভা শেষে একটি র্যালি গাংনী উপজেলা পরিষদ চত্ত্বর প্রদক্ষিণ করে। অনুষ্ঠানে সরকারি কর্মকর্তা, কৃষি বিভাগের কর্মকর্তা কর্মচারী ও প্রগতিশীল কৃষকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ইঁদুর মেরে এ কার্যক্রমের সুচনা হয়।

মেহেরপুর জেলা প্রশাসনের বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর শহরের বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেছেন।
গতকাল মঙ্গলবার রাতে জেলা প্রশাসক মোহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ সুপার মোঃ রাফিউল আলম মেহেরপুর শহরের ঐতিহ্যবাহী শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, মেহেরপুর শ্রী শ্রী হরি ভক্তি প্রদায়িনী পূজা মন্ডপ, নায়েব বাড়ি মন্দির, মালোপাড়া বকুলতলা মন্দির, হালদারপাড়া হরিজন মন্দির পরিদর্শন করেন।
এসময় জেলা প্রশাসক এবং পুলিশ সুপার জেলাবাসীকে শারদীয় শুভেচ্ছা জানিয়ে বলেন ধর্ম যার যার উৎসব সবার। এটিকে লালন করতে হবে। পরিদর্শনকালে অন্যদের মধ্যে পিপি পল্লব ভট্টাচার্য, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহা দারা খান, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাহিদ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।